বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র জানুয়ারি, ২০১৯ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি মোঃ নূরুল করিম
মহাপরিচালক

সভার তারিখ : ২০ জানুয়ারি, ২০১৯ খ্রি.
সভার সময় : সকাল ১১.০০ টা
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো'র সভা কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে এ ব্যুরোর সার্বিক কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	**মামলা সংক্রান্ত তথ্য** খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী সাধারণ পাথর/বালু মিশ্রিত পাথর, সিলিকা বালু ও সাদামাটি উত্তোলন ও অপসারণের জন্য বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে কোয়ারি ইজারা প্রদান করা হয়। বিভিন্ন কারণে কিছু কিছু ব্যক্তি/প্রতিষ্ঠান বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে অনেক সময় রিট পিটিশন দায়ের করেন। এ সমস্ত মামলাজনিত কারণে সময়মত ইজারা প্রদান ব্যাহত হয়। ফলে সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়। সভাপতি মহোদয় ইজারা সংশ্লিষ্ট সকল মামলার সঠিক সংখ্যা এবং মামলাগুলোর বর্তমান অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করেন এবং গুরুত্বপূর্ণ মামলাসমূহ নিয়মিত মনিটরিং এর উপর গুরুত্বারোপ করেন।	মামলার সঠিক সংখ্যা এবং বর্তমান অবস্থা জেনে তালিকা প্রণয়ন করতে হবে এবং গুরুত্বপূর্ণ মামলাসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে।	মোহাম্মদ আলমগীর কবীর, উপপরিচালক (সংযুক্ত)
২	**অডিট আপত্তি** অডিট আপত্তি একটি গুরুত্বপূর্ণ বিষয়। সরকারের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অডিট আপত্তির বিষয়টিকে বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। এ কারণে অডিট আপত্তি সমূহ যথাযথভাবে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	অডিট আপত্তি সমূহ জরুরি বিবেচনায় নিয়ে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৩	**প্রশিক্ষণ ক্যালেন্ডার** সভায় জানানো হয়, প্রতিবছর খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র কতজন কর্মকর্তা-কর্মচারী কোন কোন বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করবে তার একটি বাৎসরিক ক্যালেন্ডার প্রণয়ন করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ এবং সংশ্লিষ্ট বিষয়ের উপর যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।	প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরি করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণসহ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মো: আব্দুল আলীম, সহকারী পরিচালক

৪	**রেজিস্টার বই** সভায় এ ব্যুরোর কর্মকর্তাগণের দাপ্তরিক দৈনন্দিন কাজগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রেজিস্টার সংরক্ষণের উপর গুরুত্বারূপ করা হয়। প্রত্যেক কর্মকর্তা নিজস্ব রেজিস্টার তৈরি করে কর্মকর্তাদের অধীন বিভিন্ন খনিজ এলাকার নামসহ চিঠিপত্র রেজিস্টারে সংরক্ষণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	প্রত্যেক কর্মকর্তাকে চিঠিপত্র গ্রহণ/নিষ্পত্তির জন্য রেজিস্টার চালু করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৫	**ডিজিটাল নথি নম্বর ও ই-নথি বাস্তবায়ন** সভাপতি মহোদয় বলেন, এ ব্যুরোর বেশির ভাগ নথিতে ডিজিটাল নথি নম্বর প্রদান করা হলেও কিছু কিছু নথিতে এখনও তা প্রদান করা হয়নি। ডিজিটাল নথি নম্বর ছাড়া কোন নথি উপস্থাপন না করার জন্য সভাপতি মহোদয় সকলকে নির্দেশনা প্রদানসহ ই-নথি বাস্তবায়নের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।	সকল নথিতে ডিজিটাল নম্বর প্রদান করতে হবে এবং ই-নথি বাস্তবায়নের প্রচেষ্টা জোরদার করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৬	**দীঘিপাড়া কয়লাক্ষেত্রের অনুসন্ধান লাইসেন্স নবায়ন** দীঘিপাড়া কয়লাক্ষেত্রের অনুসন্ধান লাইসেন্স নবায়নের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা জানায় যে, দীঘিপাড়া কয়লাক্ষেত্রের নবায়নের প্রস্তাব ব্যুরো কর্তৃক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। প্রস্তাবের প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ নবায়নের যৌক্তিকতার বিষয়ে জানানোর জন্য পত্র প্রেরণ করেন। বিষয়টি পেট্রোবাংলাকে কয়েকবার জানানো হয়েছে কিন্তু কোন জবাব পাওয়া যায়নি। এ কারণে বিএমডি কর্তৃক জবাব প্রদান করা সম্ভব হচ্ছে না। পেট্রোবাংলার জবাব প্রাপ্তির সাথে সাথে তা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন।	দীঘিপাড়া কয়লাক্ষেত্রের নবায়নের জন্য পেট্রোবাংলার জবাব প্রাপ্তির সাথে সাথে তা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে।	মো: মাহফুজুর রহমান, সহকারী পরিচালক (ভূ-পদার্থ)
৭	**খনিজ তথ্য কনিকা প্রণয়ন** সভায় জানানো হয় যে, বিএমডি'র সার্বিক কার্যক্রম বিষয়ক তথ্য কনিকা উদ্ভাবনী কার্যক্রমের আওতায় প্রণয়ন করার কাজ হাতে নেয়া হয়েছে। কিন্তু এ ধরণের একটি তথ্য কনিকা অতীব জরুরী বিধায় সকল খনিজ তথ্য সমন্বয়ে একটি তথ্য কনিকা আগামী ৩১ জানুয়ারির মধ্যে প্রণয়নের জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন।	খনিজ সম্পদ বিষয়ে একটি তথ্য কনিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা হলো: ১. মোহাম্মদ আলমগীর কবীর, উপপরিচালক (সংযুক্ত) ২. মো: আব্দুল আলীম, সহকারী পরিচালক ৩. এস. এম. আশরাফুল আবেদীন আশা, সহকারী পরিচালক, (সংযুক্ত) ৪.আজিজুল হক, সহকারী পরিচালক (ভূ-রসায়ন)। আগামী ৩১ জানুয়ারির মধ্যে তথ্য কনিকা প্রণয়ন করে মহাপরিচালক মহোদয়ের নিকট দাখিল করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তাগণ

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নূরুল করিম
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.০৬.০০৮.১৮.৩১ তারিখ: ৯ মাঘ ১৪২৫

২২ জানুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপপরিচালক (খনি ও খনিজ), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

৩) সহকারী পরিচালক (খনি প্রকৌশল), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

৪) সহকারী পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

৫) সহকারী পরিচালক (ভূ-পদার্থ), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

৭) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

৮) তত্ত্বাবধায়ক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

৯) উচ্চমান সহকারী, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

মোঃ নূরুল করিম

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)